

ব্যাপার

তারিখ:
স্থান:

AUG 19 2002

চবিতে বিভ্রান্তিমূলক তথ্য দিচ্ছেন কর্তৃপক্ষ

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টররা ক্যাম্পাসে সংঘটিত ঘটনার তথ্যবিভাজিতে মেতেছেন। গত ১৩ আগস্ট ক্যাম্পাসে ছাত্রলীগের ওপর শিবিরের হামলার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ কয়েকজন শিবির কর্মীকে শোকজ করেন। তবে তাদের সংখ্যা কত তা বলতে প্রক্টর সরাসরি অস্বীকৃতি জানান।

গতকাল শনিবার প্রক্টর অফিসে কয়েকজন সাংবাদিকের প্রশ্নের জবাবে সহকারী প্রক্টর মনজুরুল আলম বলেন, সম্ভবত একজনকে শোকজ করা হয়েছে। কিন্তু অপর সহকারী প্রক্টর এম গিয়াকত আলী বলেন, আমি যতদূর জানি দু'জন। কিন্তু এ সময় সহকারী প্রক্টরদের সামনে প্রক্টর অফিসের সেকশন অফিসার শাহীন জান-ই-আলম বলেন, আমি তো জানি তিনজনকে শোকজ করা হয়েছে।

এ ব্যাপারে চবি ছাত্র শিবির সভাপতি দিদারুল আলম মজুমদার বলেছেন, একজনের বিরুদ্ধে শোকজের কাগজপত্র এসেছে। কিন্তু শিবিরের কটোজ শাখার সভাপতি মিজানুর রহমান মিজান বলেছেন, পাঁচজনকে শোকজ করা হয়েছে।

এদিকে ছাত্রদলের দু'গ্রন্থের সংঘর্ষের কারণে ছাত্রদল নেতা ও মার্কেটিং বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র হাফিজউদ্দিনকে প্রক্টর প্রফেসর মোঃ আবদুল হাকিম শোকজ করলে তার জবাব দেয়া হয়নি। এর কারণ হিসাবে ছাত্রদল নেতা হাফিজ বলেছেন, প্রক্টর পক্ষপাতদুষ্ট, তাই শোকজের জবাব দেব না।